NIS ২.৪ (২য় কোয়ার্টার)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
পরিকল্পনা শাখা

----

নম্বর: ২৪.০৬.০০০০.০১৩.১৪.০০২.২৪.৯৫

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
০৮ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি/নোটিশ

**বিষয়: বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা- ২য় পর্যায় (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কমিটির (পি,আই,সি) সভা।**

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা-২য় পর্যায় (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভা আগামী ১২/১২/২০২৪ তারিখ বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকায় কমিটির আহবায়ক ও মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড মহোদয়ের সভাপতিত্বে বোর্ড প্রধান কার্যালয়, রাজশাহী এর মিনি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় প্রকল্প বাস্তবায়ন কমিটি (পি,আই,সি) এর সকল সম্মানিত সদস্যকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

<u>আলোচ্য বিষয়:</u>

১. গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়িকরণ।
২. গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
৩. প্রকল্পের নভেম্বর/২৪ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
৪. ২০২৪-২৫ অর্থবছরে প্রকল্পের আওতায় এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
৫. বিবিধ।

০৮-১২-২০২৪

ড. মোঃ সিরাজুর রহমান
উপপ্রধান পরিকল্পনা (অতিরিক্ত দায়িত্ব)
০২৫৮৮৮৫১৬৮৫ (ফোন)
serajbsdb2012@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, আইএমইডি, পরিকল্পনা কমিশন, ঢাকা (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
২। সচিব, অর্থ বিভাগ (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৩। সদস্য, সংশ্লিষ্ট উইং/সেক্টর, পরিকল্পনা কমিশন, (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৪। সদস্য, প্রোগ্রামিং বিভাগ, পরিকল্পনা কমিশন (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো), ।
৫। প্রধান (সংযুক্ত), এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।।
৬। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড।
৭। অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ , বস্ত্র ও পাট মন্ত্রণালয়।
৮। যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়।
৯। পরিচালক (অর্থ ও পরিকল্পনা), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড।।
১০। উপসচিব, পরিকল্পনা ২ অধিশাখা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।
১১। পরিচালক (সম্প্রসারণ), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড।।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
পরিকল্পনা শাখা

**"বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কমিটির (পি,আই,সি) সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আনওয়ার হোসেন<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ১২/১২/২০২৪ |
| সভার সময় | ১১.০০ |
| স্থান | বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট-'ক'তে সন্নিবেশিত করা হলো। |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতিসহ সার্বিক বিষয়ের উপর প্রস্তুতকৃত কার্যপত্র উপস্থাপনের জন্য কমিটির সদস্য-সচিব কে অনুরোধ জানান। সদস্য-সচিব বিগত ২২-০৯-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন এবং তা পর্যালোচনা করা হয়। অতঃপর উক্ত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় তা দৃঢ়ীকরণের জন্য অনুরোধ করেন। সভায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। সদস্য সচিব জানান দেশে রেশম চাষ ও রেশম শিল্পের সার্বিক উন্নয়নের লক্ষ্যে প্রকল্পটি পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় উপদেষ্টা কর্তৃক ৩১/১০/২০২৪ ইং তারিখের ২০.০০.০০০০.০০০.১৪.০৫০.২০-৮১ স্মারক এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ০৭/১১/২০২৪ ইং তারিখের ২৪.০০.০০০০.২০৭.১৪.০০৯.২৪-২৫৩ স্মারকের প্রশাসনিক আদেশে "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা-২য় পর্যায় (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি ৪৪৭০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই/২০২১ হতে জুন/২৬ মেয়াদে অনুমোদন পাওয়া গেছে। সভায় প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের শুরু থেকে নভেম্বর/২৪ মাস পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ২১৫৮.০৭ লক্ষ টাকা। যার আর্থিক অগ্রগতি ৪৮.২৮% এবং বাস্তব অগ্রগতি ৫০%। চলতি ২০২৪-২৫ অর্থবছরে এডিপি নির্ধারণ করা হয়েছে ১০০০.০০ লক্ষ টাকা। ১ম ও ২য় কিস্তির ৪৯৯.০০ লক্ষ (চার কোটি নিরানব্বই লক্ষ) টাকার জিও ইস্যু হয়েছে কিন্তু নভেম্বর/২৪ পর্যন্ত কোন অর্থ ছাড় হয়নি। চলতি অর্থ বছরের নভেম্বর/২৪ মাস পর্যন্ত ০.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। যার আর্থিক অগ্রগতি ০.০০% এবং বাস্তব অগ্রগতি ১৫%।

প্রকল্প পরিচালক জানান, চলতি ২০২৪-২৫ অর্থ বছরে "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা-২য় পর্যায় (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের অর্থায়নে মাঠ পর্যায়ের কার্যালয় হতে ফার্মিং পদ্ধতিতে ২২৬ জন রেশম চাষী/উদ্যোক্তাদেরকে ২২৬ বিঘা জমিতে তুঁতচারা রোপণ করা হবে। এ পর্যন্ত ১৮১ জন রেশম চাষী/উদ্যোক্তাদের ১৮১ বিঘা জমিতে তুঁতচারা রোপণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ৪৫ জন রেশম চাষী/উদ্যোক্তাদের ৪৫ বিঘা জমিতে ডিসেম্বর/২০২৪ মাসের মধ্যে তুঁতচারা রোপণ কার্যক্রম সম্পন্ন করা হবে। এছাড়া তিনি আরও বলেন চলতি ২০২৪-২৫ অর্থ বছরে এপিএ-র লক্ষ্যমাত্রা অনুযায়ী ৫.০০ লক্ষ তুঁতচারা উৎপাদনের জন্য ১০০ বিঘা জমিতে তুঁতকাটিংস রোপণ কার্যক্রম চলমান এবং একই অর্থবছরে ১১৪৫ জন রেশম চাষীকে অর্থ প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ প্রদান করা হবে। নিম্নে আঞ্চলিক/জোনাল রেশম সম্প্রসারণ কার্যালয় ভিত্তিক প্রাপ্ত ২২৬ জন চাষীর ২২৬ বিঘা জমি ও ১০০ বিঘা জমিতে তুঁতকাটিংস রোপণের তালিকা প্রদান করা হলো।

"বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা-২য় পর্যায়(১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের অর্থায়নে মাঠ পর্যায়ের কার্যালয় হতে ফার্মিং পদ্ধতিতে ২২৬ জন রেশম চাষী/উদ্যোক্তাদেরকে ২২৬ বিঘা জমিতে তুঁতচারা রোপণের তালিকা:-

| প্রকল্প এলাকা | চাষীর সংখ্যা | জমির পরিমাণ |
|---|---|---|
| রংপুর সম্প্রসারণ এলাকা | ৬২ জন | ৬২ বিঘা |
| রাজশাহী সম্প্রসারণ এলাকা | ২৩ জন | ২৩ বিঘা |
| ঢাকা সম্প্রসারণ এলাকা | ২০ জন | ২০ বিঘা |
| ভোলাহাট সম্প্রসারণ এলাকা | ৩১ জন | ৩১ বিঘা |
| গোপালগঞ্জ সম্প্রসারণ এলাকা | ২৫ জন | ২৫ বিঘা |
| ঠাকুরগাঁও সম্প্রসারণ এলাকা | ২২ জন | ২২ বিঘা |
| সিরাজগঞ্জ সম্প্রসারণ এলাকা | ২০ জন | ২০ বিঘা |
| বগুড়া সম্প্রসারণ এলাকা | ১৯ জন | ১৯ বিঘা |

| | | |
|---|---|---|
| ঝিনাইদহ সম্প্রসারণ এলাকা | ৪ জন | ৪ বিঘা |
| মোট | ২২৬ জন | ২২৬ বিঘা |

চলতি ২০২৪-২৫ অর্থ বছরে তুঁতচারা উৎপাদনের জন্য ১০০ বিঘা জমিতে তুঁতকাটিংস রোপণের লক্ষ্যমাত্রার তালিকা নিম্নরূপ:-

| ক্র: নং | আঞ্চলিক/ জোনাল রেশম সম্প্রসারণ কার্যালয়ের নাম | বীজাগার/বাগানের নাম | জমির পরিমাণ (বিঘা) | তুঁতচারা উৎপাদন লক্ষ্যমাত্রা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | রাজশাহী | চাঁপাইনবাবগঞ্জ | ৩-০-০ | ১৫০০০ | প্রতিবিঘা জমিতে ৫০০০ টি মানসম্পন্ন তুঁতচারা উৎপাদন করতে হবে |
| | | মীরগঞ্জ | ১২-০-০ | ৬০০০০ | |
| ২। | ঠাকুরগাঁও | দিনাজপুর | ৬-০-০ | ৩০০০০ | |
| | | রহ্নাই | ২০-০-০ | ১০০০০০ | |
| ৩। | বগুড়া | বগুড়া | ৬-০-০ | ৩০০০০ | |
| ৪। | ঝিনাইদহ | ঝিনাইদহ | ৪-০-০ | ২০০০০ | |
| ৫। | সিরাজগঞ্জ | ইশ্বরদী | ২৮-০-০ | ১৪০০০০ | |
| ৬। | ভোলাহাট | ভোলাহাট | ৭-০-০ | ৩৫০০০ | |
| ৭। | রংপুর | রংপুর | ১৪-০-০ | ৭০০০০ | |
| | | উপমোট: | ১০০-০-০ | ৫,০০,০০০ | |

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (পরিকল্পনা) জনাব সুব্রত সিকদার,বলেন চলতি অর্থ বছরে বরাদ্দকৃত অর্থ যথাযথ ভাবে ব্যয় করতে হবে। এছাড়া রেশম চাষী নির্বাচনে সতর্কতা অবলম্বন করতে হবে। তিনি আরো বলেন বোর্ডের যেসকল রুটিন কার্যক্রম সেগুলো প্রকল্পে না রেখে রাজস্ব বাজেটে অন্তভূক্ত করতে হবে।

জনাব মোঃ জাহিদ হোসেন, যুগ্ম সচিব (পরিকল্পনা) বস্ত্র ও পাট মন্ত্রণালয় বলেন যে, চলতি অর্থ বছরে প্রশিক্ষণের মাস ভিত্তিক সিডিউল তৈরি করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং জুন মাসে প্রশিক্ষণ না রাখার বিষয়ে বলেন।

কার্যক্রম বিভাগের প্রতিনিধি জনাব মিথুন পাল, সিনিয়র সহকারী প্রধান বলেন প্রশিক্ষণগুলো জুন মাসের পূর্বেই সম্পন্ন করতে হবে।

সভাপতি চলতি অর্থবছরে প্রকল্পের নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করে শতভাগ লক্ষমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:-

**সিদ্ধান্ত:**

(১) ফার্মিং পদ্ধতিতে উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে তুঁতচাষের আওতায় ২২৬ জন রেশম চাষী/উদ্যোক্তাদের ২২৬ বিঘা জমির তালিকা অনুমোদন করা হলো।

(২) চলতি ২০২৪-২৫ অর্থ বছরে প্রকল্পে বরাদ্দকৃত অর্থের শতভাগ বাস্তবায়ন করতে হবে।

(৩) প্রকল্পের প্রশিক্ষণ মাস ভিত্তিক সিডিউল প্রস্তুত করে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

(৪) প্রকল্পের বরাদ্দকৃত অর্থ ব্যয়ের বিষয়ে যথাযথ পরিকল্পনা গ্রহণ করে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি তথা মহাপরিচালক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৯-১২-২০২৪
মোঃ আনওয়ার হোসেন
মহাপরিচালক
০২৫৮৮৮-৫৫৮১৬ (ফোন)
০২৫৮৮৮-৫৩৫৯২ (ফ্যাক্স)
bsb.raj.bd@gmail.com

তারিখ: ৪ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
১৯ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ২৪.০৬.০০০০.০১৩.১৪.০০২.২০.৯৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
২। সচিব, অর্থ বিভাগ অর্থ মন্ত্রণালয়।
৩। উপসচিব, পরিকল্পনা অধিশাখা , বস্ত্র ও পাট মন্ত্রণালয়।
৪। পরিচালক, অর্থ ও পরিকল্পনা বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড।
৫। পরিচালক সম্প্রসারণ বিভাগ,, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড।
৬। সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-২ শাখা , বস্ত্র ও পাট মন্ত্রণালয়।
৭। প্রধান সংশ্লিষ্ট উইং/সেক্টর,, পরিকল্পনা কমিশন।
৮। প্রধান, প্রোগ্রামিং বিভাগ, পরিকল্পনা কমিশন।
৯। প্রধান, (সংযুক্ত) এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ।
১০। প্রধান সম্প্রসারণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), সম্প্রসারণ নিয়ন্ত্রণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড।
১১। নির্বাহী প্রকৌশলী, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড।
১২। পি,এ -টু-পরিচালক (প্রশাসন), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।।

২২-১২-২০২৪
ড. মোঃ সিরাজুর রহমান
উপপ্রধান পরিকল্পনা (অতিরিক্ত দায়িত্ব)

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

রাজশাহী

১২/১২/২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়)শীর্ষক উন্নয়ন প্রকল্পের পিআইসি সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষর:

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থা | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | ড. এম. এ. মান্নান<br>[illegible] | BSDB | 01712101391 | [signature] ১২/১২/২০২৪ |
| ২. | মোহাম্মদ এমদাদুল বারী<br>পরিচালক (সম্প্রসারণ) | BSDB | 01913252847 | [signature] ১২/১২/২৪ |
| ৩. | মো: লুৎফর রহমান তালুকদার<br>নির্বাহী প্রকৌশলী | BSDB | 01558352600 | [signature] ১২/১২/২৪ |
| ৪. | সুব্রত শিকদার<br>অতিরিক্ত সচিব | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | | জুমে যুক্ত হয়েছেন |
| ৫. | মিথুন লাল দাস<br>সিনিয়র সহকারী প্রধান | কার্যক্রম বিভাগ/ প্রতিষ্ঠান | | জুমে যুক্ত হয়েছেন। |
| ৬. | [illegible]<br>সিনিয়র সহকারী প্রধান | [illegible] | | জুমে যুক্ত হয়েছেন |
| ৭. | মো: আব্দুল লতিফ মোল্লা<br>প্রতি: কমিশন | | | জুমে যুক্ত হয়েছেন |
| ৮. | মো: মাহবুবুর রহমান<br>প্রকল্প পরিচালক | বারেউবো | ০১৭২২৫২২৬৬৬ | [signature] ১২/১২/২৪ |
| ৯. | ড. মো: মিরাজুর রহমান<br>উপ প্রধান পরিকল্পনা কর্মকর্তা | বারেউবো | ০১৭১১৭৪৬০০৪০ | [signature] ১২/১২/২৪ |
| ১০. | | | | |
| ১১. | | | | |
| ১২. | | | | |
| ১৩. | | | | |
| ১৪. | | | | |
| ১৫. | | | | |

C:\Users\Mun\Desktop\পিআইসি উপস্থিত হাজিরা.doc